

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৫৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি এই ধারণা করে যে, নাপাক ব্যক্তি পুকুরে গোসলের জন্য নামলে পুকুরের সব পানি নাপাক হয়ে যায়, তার ধারণা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الْجُنُبَ إِذَا وَقَعَ فِي الْبِئْرِ وَهُوَ يَنْوِي الِاغْتِسَالَ يَنْجُسُ مَاءُ الْبِئْر

আরবী

1256 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عُبَيْدِ اللَّهِ الْعَتَكِيُّ قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيةَ الْفَزَارِيُّ عَنْ حُمَيْدِ الطَّوِيلِ عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْعَتَكِيُّ قَالَ: حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيةَ الْفَزَارِيُّ عَنْ حُمَيْدِ الطَّويلِ عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي رَافِعٍ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: لَقِيَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا جُنُبٌ فَمَشَيْتُ مَعَهُ وَهُو آخِذٌ بِيدِي فَانْسَلَلْتُ مِنْهُ فَانْطَلَقْتُ فَاغْتَسَلْتُ ثُمَّ رَجَعْتُ إِلَيْهِ وَسَلَّمَ وَهُو آخِذٌ بِيدِي فَانْسَلَلْتُ مِنْهُ فَانْطَلَقْتُ فَاغْتَسَلْتُ ثُمَّ رَجَعْتُ إِلَيْهِ فَكَرِهْتُ أَنْ أَبُو هُرَيْرَةً إِلَيْكَ فَقَالَ: (أَيْنَ كُنْتَ يَا أَبا هِيٍّ قُلْتُ: لَقِيتَنِي وَأَنَا جُنُبٌ فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ فَجَلَسْتُ مَعَهُ فَقَالَ: (أَيْنَ كُنْتَ يَا أَبا هِيٍّ قُلْتُ: لَقِيتَنِي وَأَنَا جُنُبٌ فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ فَجَلَسْتُ مَعَهُ فَقَالَ: (أَيْنَ كُنْتَ يَا أَبا هِيٍّ قُلْتُ: لَقِيتَنِي وَأَنَا جُنُبٌ فَكَرِهْتُ أَنْ أُجَالِسَكَ فَجَلَسْتُ مَعَهُ فَقَالَ: (أَيْنَ كُنْتَ يَا أَبا هِيٍّ قُلْتُ: (إن المؤمن لا يَنْجُسُ) فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إن المؤمن الا يَنْجُسُ) اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1256 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৫৬. আবৃ হুরাইরা রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে একদিন আমার সাক্ষাৎ হয় এমন অবস্থায় যে, সে সময় আমি নাপাক ছিলাম। অতঃপর আমি তাঁর সাথে হাঁটছিলাম আর তিনি আমার হাত ধরেছিলেন। অতঃপর আমি তার থেকে আস্তে আস্তে সরে পড়ি এবং বাড়িতে এসে গোসল করি তারপর আবার তাঁর কাছে যাই এবং তাঁর সাথে বসি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে আবৃ হির্র, তুমি কোথায় ছিলে?" আমি বললাম, "আপনার সাথে যখন আমার সাক্ষাৎ হয়, তখন আমি নাপাক ছিলাম, ফলে আমার সাথে বসা আমি অপছন্দ করেছিলাম।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই মুমিন ব্যক্তি নাপাক হয় না।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৩; সহীহ মুসলিম: ৩৭১; ইবনু মাজাহ: ৫৩৪; সুনান বাইহাকী: ১/১৮৯; মুসনাদ আহমাদ: ২/২৩৫; সহীহ বুখারী: ২৮৩; আবূ দাউদ: ২৩১; তিরমিযী: ১২১; নাসাঈ: ১/১৪৫; আবূ আওয়ানা: ১/২৭৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন